

## সম্পত্তি হস্তান্তর দলিল

ক্রমিক নং	বই নং -	দলিল নং -
-----------	---------	-----------

১। নিবন্ধন কার্যালয়ের নামঃ সাব-রেজিস্ট্রারের কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর।

### ২। দলিলের সার সংক্ষেপঃ

দলিলের প্রকৃতি	মৌজার নাম	পৌরসভা/ইউনিয়ন	থানা/উপজেলা	জেলা
সাফ-কবলা	জগন্নাথপুর	যদুবয়রা	নবাবগঞ্জ	দিনাজপুর

হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ	শ্রেণি	মূল্য (অংকে ও কথায়)
০.১৩৫০ (শূন্য দশমিক এক তিন পাঁচ শূন্য) একর।	ধানি, ভিটা	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মাত্র।

### ৩। দলিল গ্রহিতা/গ্রহিতাগণের নাম ও ঠিকানাঃ

নাম	: মো: জিল্লুর রহমান
পিতার নাম	: মো: মতিয়ার রহমান
স্বামীর নাম	: প্রযোজ্য নহে
মাতার নাম	: মৃত- জয়তুন নেছা
জন্ম তারিখ	: ০৮/০২/১৯৭৭খ্রি।
ধর্ম	: ইসলাম
পেশা	: ব্যবসা
জাতীয়তা	: বাংলাদেশী
জাতীয় পরিচয়পত্র নম্বর	: ১৯৭৭২৭১৬১৭৪৯৮০৬১

সম্পত্তি তোলা  
পাসপোর্ট আকারের  
ছবি সংযুক্ত করতে  
হবে।

স্থায়ী ঠিকানাঃ	বর্তমান ঠিকানাঃ		
গ্রাম/রোড	রামপুর	গ্রাম/রোড	জগন্নাথপুর
ডাকঘর	নবাবগঞ্জ	ডাকঘর	নবাবগঞ্জ
থানা/উপজেলা	নবাবগঞ্জ	থানা/উপজেলা	নবাবগঞ্জ
জেলা	দিনাজপুর	জেলা	দিনাজপুর

### ৪। দলিল দাতা/দাতাগণের নাম ও ঠিকানাঃ

নাম	: শ্রী কমল চন্দ্র সরকার
পিতার নাম	: মৃত- অনাথ বন্ধু সরকার
স্বামীর নাম	: প্রযোজ্য নহে
মাতার নাম	: মৃত- শশী রানী সরকার
জন্ম তারিখ	: ১৯/০৯/১৯৫৫ খ্রি।
ধর্ম	: হিন্দু(সনাতন)
পেশা	: কৃষি
জাতীয়তা	: বাংলাদেশী
জাতীয় পরিচয়পত্র নম্বর	: ২৭১৬৯৪৩৫০৮৪৮০

সম্পত্তি তোলা  
পাসপোর্ট আকারের  
ছবি সংযুক্ত করতে  
হবে।

স্থায়ী ঠিকানাঃ	বর্তমান ঠিকানাঃ		
গ্রাম/রোড	জগন্নাথপুর	গ্রাম/রোড	জগন্নাথপুর
ডাকঘর	নবাবগঞ্জ	ডাকঘর	নবাবগঞ্জ
থানা/উপজেলা	নবাবগঞ্জ	থানা/উপজেলা	নবাবগঞ্জ
জেলা	দিনাজপুর	জেলা	দিনাজপুর

৫। ক্ষমতাপ্রাপ্ত অ্যাটর্নি/প্রতিনিধি/অভিভাবক-এর নাম, ঠিকানা ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : প্রযোজ্য নয়।

৬। পাওয়ার অব অ্যাটর্নির বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : প্রযোজ্য নয়।

৭। হস্তান্তরাধীন সম্পত্তির ন্যূনপক্ষে ২৫ বছরের মালিকানার ধারাবাহিক বিবরণ (যথাযথ ক্ষেত্রে ওয়ারিশ ও বায়া দলিলসমূহের বিস্তারিত বিবরণ এবং হস্তান্তরের উদ্দেশ্য, সম্পত্তির দখল, ইজমেন্ট স্বত্ত্ব এবং হস্তান্তর সম্পর্কিত উল্লেখযোগ্য মন্তব্য, যদি থাকে ইত্যাদির বিবরণ) :

তফসিলে বর্ণিত হস্তান্তরিত জমির আর.এস রেকর্ড প্রজা ইয়াকুব আলীর নামে লিপিবদ্ধ আছে। তাহার নিকট হইতে গত ২২/০৯/১৯৯৭ খ্রি. তারিখে নবাবগঞ্জ সাব-রেজিস্ট্রি অফিসের ৪৮১৫ নং দানপত্র দলিলে বর্তমান দাতা প্রাপ্ত হন। আমি স্বত্বান থাকা অবস্থায় নিজ নামে নাম পতন ও জমা খারিজ করেন। যাহার খারিজ কেস নং - ২৭৬০/৯-১/২০১৯-২০২০ যাহা তাহাই বিক্রিত সম্পত্তি।

সম্পত্তি হস্তান্তরের উদ্দেশ্যঃ আমার একান্ত প্রয়োজনীয় পারিবারিক ব্যয় নির্বাহের জন্য নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আপনার নিকট বিক্রয় করিতেছি।

সম্পত্তির দখল সম্পর্কিত বিবরণঃ উক্ত বিক্রিত সম্পত্তির সমুদয় টাকা গ্রহণ করিয়া দলিল গ্রহিতা বরাবর দখল সরেজমিনে বুঝাইয়া দিয়া আমি/আমরা এবং আমার/আমাদের অলি ওয়ারিশগণ চিরতরে নিঃস্বত্বান ও দখলত্যাগী হইলাম। অদ্য হইতে আপনারা দলিল গ্রহিতাগণ বাংলাদেশ সরকারের ভূমি ও রাজস্ব দপ্তরে নিয়ম তফসিল বর্ণিত সম্পত্তি আপনাদের নিজ নামে নামজারী ও জমাভাগ করাইয়া রীতিমত বার্ষিক খাজনাদি প্রদানে দান, বিক্রয়, কট, বয়, হেবা, বিনিময়, বন্ধক ইত্যাদি সর্ব প্রকার হস্তান্তর করিতে পারিবেন এবং পুত্র পৌত্রাধিক্রমে স্থলবর্তী অলি ওয়ারিশগণ ভোগ দখল করিতে থাকিবেন। নিয়ম তফসিল বর্ণিত সম্পত্তি বা উহার কোন অংশের উপর আমি/আমরা অত্র দলিল দাতাগণ বা আমাদের কোন ওয়ারিশগণ কোন প্রকার দাবি দাওয়া করিতে পারিব না এবং কেউ দাবি দাওয়া করিলেও উহা সর্ব আদালতে সর্বোত্তমভাবে বাতিল ও নামঙ্গুর বলিয়া গণ্য হইবে। হস্তান্তরিত সম্পত্তির দাগ, খতিয়ান মৌজা ভুল হইলে তাহা আমি নিজ খরচায় স্ব-শরীরে উপস্থিত হইয়া সংশোধন করিয়া দিতে বাধ্য থাকিবো।

ইজিমেন্ট স্বত্ত্ব এবং হস্তান্তর সম্পর্কিত উল্লেখযোগ্য মন্তব্যঃ কোন মন্তব্য নাই।

৮। একাধিক ক্রেতা/গ্রহিতার ক্ষেত্রে ক্রয়কৃত/অর্জিত জমির হারাহারি মালিকানার বিবরণঃ

ক্রেতা/গ্রহীতার নাম	মালিকানার পরিমাণ
মো: জিল্লুর রহমান	০. ১৩৫০ একর।

৯। একাধিক বিক্রেতা/হস্তান্তরকারীর ক্ষেত্রে হস্তান্তরিত জমির হারাহারি মালিকানার বিবরণঃ

বিক্রেতা/হস্তান্তরকারীর নাম	মালিকানার পরিমাণ
শ্রী কমল চন্দ্র সরকার	০. ১৩৫০ একর।

## 11| macwËi Zdwmjt

## ১২। সম্পত্তির চৌহদীর বিবরণঃ

### ১৩। হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ(অংকে ও কথায়)ঃ

0.09 (□□□□□ □□□□□ □□□□□ □□□□□)

১৪। হস্তান্তরিত সম্পত্তির মূল্য এবং পরিশোধের বিবরণ : অংকে—

90,000/-

কথায় = (□□□□□ □□□□□)□□□□

ନଗଦେ ପରିଶୋଧିତ ।

## ১৫। হস্তান্তরিত সম্পত্তির হাত নকশা ও পরিমাপন

১৬। কৈফিয়ত (যদি থাকে) :

১৭। দলিল পাঠ করিয়া/করাইয়া আমারা উহার মর্ম অবগত ও সম্মত হইয়া স্বাক্ষর করিলামঃ

দাতা/দাতাগণের স্বাক্ষর

১)

গ্রহীতা/গ্রহীতাগণের স্বাক্ষর

১)

১৮। সাক্ষী/সাক্ষীগণের নাম, ঠিকানা ও স্বাক্ষরঃ

১। নাম	মোঃ আফাজ উদ্দিন ভূইয়া	স্বাক্ষর ও তারিখ	
পিতা/স্বামীর নাম	মৃত সুলতান উদ্দিন	মাতার নাম	মোছাঃ মোমেনা খাতুন
গ্রাম/রোড	চাঁদপুর	ডাকঘর	নবাবগঞ্জ
থানা/উপজেলা	নবাবগঞ্জ	জেলা	নবাবগঞ্জ

২। নাম	মোঃ আব্দুল কাদির	স্বাক্ষর ও তারিখ	
পিতা/স্বামীর নাম	মোঃ আলতাজ উদ্দিন	মাতার নাম	ফরিদা বেগম
গ্রাম/রোড	চাঁদপুর	ডাকঘর	নবাবগঞ্জ
থানা/উপজেলা	নবাবগঞ্জ	জেলা	নবাবগঞ্জ

১৯। সনাত্তকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষরঃ

নাম	মোঃ ফরহাদ হোসেন	স্বাক্ষর ও তারিখ	
পিতা/স্বামীর নাম	মৃত মোঃ আবুল হাসেম	মাতার নাম	কাজী আনোয়ারা বেগম
গ্রাম/রোড	বাটিকামরা	ডাকঘর	বাটিকামরা
থানা/উপজেলা	নবাবগঞ্জ	জেলা	নবাবগঞ্জ

২০। হস্তান্তরিত সম্পত্তির সঠিক পরিচয় এবং বাজার মূল্য সম্পর্কে সম্যক অবহিত হইয়া আমি নিম্নস্বারকারী  
অত্র দলিলের মুসাবিদা করিয়াছি/ লিখিয়া দিয়াছি এবং পগণকে পাঠ করিয়া শুনাইয়াছি।

দলিলটি ০৯(নয়) ফর্দে লিখিত।

মুসাবিদা কারক বা দলিল লেখকের নামঃ মোঃ আনোয়ার হোসেন,

পূর্ণ ঠিকানাঃ গ্রামঃ জয়পুর, ডাকঃ ভাগলপুর, উপজেলাঃ নবাবগঞ্জ, দিনাজপুর।

সনদ নং- ৮৫(পঁচাশি), অফিসের নামঃ সাব-রেজিস্ট্রী অফিস, নবাবগঞ্জ, দিনাজপুর।

দলিল লেখকের স্বাক্ষরঃ

## দলিল দাতা/সম্পাদনকারীর হলফনামা

[রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১৪২ নং আদেশ, ১৯০৮ সনের নিবন্ধন আইনের Section 52A(g) এবং ১৮৮২ সনের সম্পত্তি হস্তান্তর আইনের Section 53E অনুসারে প্রদত্ত হলফনামা]

বরাবর,  
সাব-রেজিস্ট্রার, নবাবগঞ্জ, দিনাজপুর।

শ্রী কমল চন্দ্র সরকার	জন্ম তারিখ:	১৯/০৯/১৯৫৫	মৃত্যু তারিখ:	০০/০০/০০০০	মৃত- অনাথ বন্ধু সরকার
গ্রামঃ	০০০০০০০০০০০	ডাকঃ	০০০০০০০০০	উপজেলাঃ	০০০০০০০০০, জেলা নামঃ ০০০০০০০০০।

এই মর্মে ঘোষণা পূর্বক হলফনামা প্রদান করিতেছি যে, আমি/আমরা বাংলাদেশের নাগরিক।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে,

(ক) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ দালাল (বিশেষ ট্রাইবুনাল) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং ৮) এর অধীনে ক্রোকের আওতাধীন নহে;

(খ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা ও নিষ্পত্তি) আদেশ ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং ১৬) এর অর্থানুযায়ী পরিত্যক্ত সম্পত্তি নহে;

(গ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি আপাততঃ বলবৎ কোন আইনের অধীন সরকারে বর্তায় নাই, বা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হয় নাই;

(ঘ) প্রস্তাবিত হস্তান্তর আপাততঃ বলবৎ অন্য কোন আইনের কোন বিধানের সহিত সাংঘর্ষিক নহে;

(ঙ) প্রস্তাবিত হস্তান্তর বাংলাদেশ ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং ১৮) এর অনুচ্ছেদ ৫এ অনুযায়ী বাতিলযোগ্য নহে; এবং

(চ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তির বিবরণ সঠিকভাবে বর্ণিত হইয়াছে এবং উহা অবমূল্য করা হয় নাই এবং উল্লিখিত সম্পত্তি হস্তান্তরকরণে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে।

আমি/আমরা আরও ঘোষনা করিতেছি যে,

আমি/আমরা দলিলে হস্তান্তরাধীন জমির নিরঙ্কুশ মালিক। অন্য পক্ষের সহিত বায়না চুক্তি স্বাক্ষর করি নাই বা অন্য কোথাও বিক্রয় করি নাই বা অন্য কোন পক্ষের নিকট বন্ধক রাখা হয় নাই। এই সম্পত্তি সরকারি খাস/অপিত বা পরিত্যক্ত সম্পত্তি নয় বা অন্য কোনভাবে সরকারের উপর বর্তায় নাই। দলিলে বর্ণিত কোন তথ্য ভুলভাবে লিপিবদ্ধ হইয়া থাকিলে তজ্জন্য আমি/আমরা দায়ী হইব এবং আমি/আমাদের বিরুদ্ধে দেওয়ানি ও ফৌজদারি মামলা করা যাইবে। হস্তান্তরিত জমি সম্পর্কে কোন ভুল, অসত্য বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করিয়া থাকিলে প্রয়োজনে নিজ খরচায় ভুল শুন্দ করিয়া ক্ষতিপূরণসহ নতুন দলিল প্রস্তুত ও রেজিস্ট্রি করিয়া দিতে বাধ্য থাকিব।

দলিলে বর্ণিত সম্পত্তিতে আমরা/আমাদের বৈধ স্বত্ত্ব ও অধিকার বহাল আছে এবং প্রদত্ত বিবরণ আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। তারিখঃ

হলফকারী/হলফকারীগণের স্বাক্ষরঃ

১)

সনাত্তকারীর ঘোষনাঃ

এই মর্মে ঘোষণা করিতেছি যে, হলফকারী/হলফকারীগণ আমার পরিচিত এবং আমার সম্মুখে তিনি/তাহারা দলিলে স্বাক্ষর প্রদান করিয়াছেন বা (আমি তাহার ও তাহাদের বা.....নং ক্রমিকধারী হলফকারীর নাম বকলমে লিখিয়া দিয়াছি)।

সনাত্তকারীর স্বাক্ষর ও তারিখঃ

২২। সাব-রেজিস্ট্রারের নাম ও পদবিসহ স্বাক্ষর ও তারিখঃ